**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি অনুবিভাগ**
**শের-ই-বাংলা নগর, ঢাকা**
**www.erd.gov.bd**

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৬ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখ বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে (ক) Third Public-Private Infrastructure Development Facility (Tranche 2) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২৭৮.২৯ মিলিয়ন মার্কিন ডলার ঋণচুক্তি, (খ) Greater Dhaka Sustainable Urban Transport Project (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত ১০০.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণচুক্তি ও (গ) Coastal Towns Climate Resilience Project শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ২৫০ মিলিয়ন মার্কিন ডলার ঋণচুক্তি ও অনুদানচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিজ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং এডিবি'র পক্ষে Mr. Jiangbo Ning ডেপুটি কান্ট্রি ডিরেক্টর ও অফিসার-ইন-চার্জ, বাংলাদেশ আবাসিক মিশন ঋণচুক্তি ও অনুদানচুক্তি স্বাক্ষর করেন।

এছাড়া, জনাব আলমগির মোরশেদ, নির্বাহী পরিচালক ও সিইও, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল), জনাব কাজী মোহাম্মদ ফেরদাউস, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট পৌরসভার মনোনীত প্রতিনিধি এবং এডিবি'র পক্ষে Mr. Jiangbo Ning ডেপুটি কান্ট্রি ডিরেক্টর ও অফিসার-ইন-চার্জ, কান্ট্রি ডিরেক্টর, বাংলাদেশ আবাসিক মিশন প্রকল্পচুক্তিসমূহে স্বাক্ষর করেন।

### 1. Third Public-Private Infrastructure Development Facility (Tranche 2)

প্রকল্পের অধীনে ইডকল এর মাধ্যমে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) পদ্ধতিতে বেসরকারি খাতে অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহে দীর্ঘমেয়াদী অর্থায়ন করা হবে। আগামী জুন, ২০২৭ এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হবে। এ প্রকল্পের জন্য এডিবি ঋণের দুটি অংশ রয়েছেঃ Ordinary Operations (Regular) ২৬২.২৯ মিলিয়ন মার্কিন ডলার এবং Ordinary Operations (Concessional) ১৬ মিলিয়ন মার্কিন ডলার। উল্লেখ্য, এডিবি প্রদেয় উভয় ঋণ ০৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। এই ঋণ নবায়নযোগ্য জ্বালানী খাতে ব্যবহৃত হবে।

### 2. Greater Dhaka Sustainable Urban Transport Project—Additional Financing

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ) এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) শীর্ষক প্রকল্পের মাধ্যমে গাজীপুর হতে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত (এয়ারপোর্ট-গাজীপুর) ২০.৫০ কিলোমিটার বাস র‍্যাপিড ট্রানজিট অবকাঠামো নির্মাণপূর্বক দ্রুতসাশ্রয়ী, নিরাপদ, ও পরিবেশবান্ধব পরিবহন ব্যবস্থা প্রবর্তন করে জনসাধারনের জীবনমান উন্নয়ন করা হবে। এ প্রকল্পে এডিবি হতে অতিরিক্ত ১০০.০০ মিলিয়ন মার্কিন ডলার Ordinary Operations (Regular) ঋণ গ্রহণ করা হবে যা ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য।

-অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-

**3. Coastal Towns Climate Resilience Project**

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িতব্য Coastal Towns Climate Resilience Project শীর্ষক প্রকল্পের উদ্দেশ্য হলোঃ ঝুঁকিপূর্ণ নির্বাচিত উপকূলীয় শহরসমূহের জলবায়ু ও দুর্যোগ সহনশীলতা শক্তিশালীকরণ এবং একইসাথে মহিলা ও দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন। বরিশাল বিভাগের ০৬টি জেলার ১৫টি পৌরসভা, খুলনা বিভাগের ০৩টি জেলার ০৫টি পৌরসভা এবং ঢাকা বিভাগের শরীয়তপুর জেলার ০২টি পৌরসভা এ প্রকল্পের আওতাভূক্ত। প্রকল্পের কার্যক্রম আগামী ৩০ জুন ২০২৯ এ সমাপ্ত হবে। এ প্রকল্পের জন্য এডিবি'র ২৫০ মিলিয়ন মার্কিন ডলার সহায়তার মধ্যে ১৫০ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের Ordinary Operations (Concessional) ঋণ, ৯৬ মিলিয়ন মার্কিন ডলার Ordinary Operations (Regular) ঋণ (৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য) এবং ০৪ মিলিয়ন মার্কিন ডলার অনুদান রয়েছে।

OCR (Concessional) ঋণের সুদের হার ২%। OCR (regular) ঋণের সুদের হার SOFR (Secured Overnight Financing Rate) + ০.৫০%। এছাড়া, OCR (regular) ঋণের জন্য ০.১০% হারে ম্যাচুরিটি প্রিমিয়াম ও অব্যয়িত অর্থের ওপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ প্রযোজ্য হবে।

১৯৭৩ সাল হতে এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে ২৭.৮৪৪ বিলিয়ন মার্কিন ডলারের ঋণসহায়তা এবং ০.৫৪১ বিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে।

২৬/১২/২২

মোঃ ওয়ালীউল হাসান
সিনিয়র সহকারী সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার